

জনতা ব্যাংক পিএলসি.

প্রধান কার্যালয়

ঢাকা।

www.jb.com.bd

বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট

২৬ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

তারিখ: -----

১২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ

নির্দেশ বিজ্ঞপ্তি নং: ১৩১৬/২৫

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক

একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক ও সকল উপব্যবস্থাপনা পরিচালক

সকল সহকারি মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক

জনতা ব্যাংক পিএলসি.

প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/সকল স্টাফ কলেজ

লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/সকল এরিয়া অফিস/সকল শাখা

এবং সকল সাবসিডিয়ারী কোম্পানি।

বিষয়: “জনতা ব্যাংক ডিপোজিট পেনশন স্কিম (Janata Bank Deposit Pension Scheme-JBDPS)” চালুকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

জনতা ব্যাংক পিএলসি. বাংলাদেশের অন্যতম একটি রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক। প্রতিষ্ঠাকালীন সময় হতে অদ্যাবধি এ ব্যাংক সুনামের সাথে তাদের ব্যাংকিং সেবা প্রদান করে চলেছে। সাম্প্রতিক সময়ে বিভিন্ন ব্যাংক গ্রাহকের জমাকৃত অর্থ যথাযথ সময়ে পরিশোধে ব্যর্থ হওয়ায় সাধারণ মানুষ সেসব ব্যাংকের প্রতি আস্থা হারিয়ে ফেলেছে। সাধারণ মানুষ এখন জনতা ব্যাংকের মত নির্ভরযোগ্য রাষ্ট্রমালিকানাধীন ব্যাংকের প্রতি অধিক আস্থার সাথে বিনিয়োগে/সঞ্চয়ে আগ্রহী হচ্ছে। তাদের আগ্রহ ও আস্থার প্রতি সম্মান রেখে ব্যাংকে একটি আকর্ষণীয় ডিপোজিট স্কিম চালু করা প্রয়োজন। এ লক্ষ্যে গত ০৮/০১/২০২৫ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৮৩৪তম সভায় জনতা ব্যাংকের জন্য “জনতা ব্যাংক ডিপোজিট পেনশন স্কিম (Janata Bank Deposit Pension Scheme-JBDPS)” নামে একটি ডিপোজিট স্কিম চালুকরণের অনুমোদন দেয়া হয়। এই স্কিমের মাধ্যমে গ্রাহকবৃন্দকে আকৃষ্ট করে তাদের সাথে দীর্ঘমেয়াদী সম্পর্ক গড়ে তোলার পাশাপাশি ব্যাংকের মোট আমানতের পরিমাণ বৃদ্ধি করা যাবে মর্মে আশা করা যায়।

উক্ত ডিপোজিট স্কিমের আওতায় হিসাব খোলা ও পরিচালনার নীতিমালা নিম্নরূপঃ

১.০০: স্কিমের নাম: “জনতা ব্যাংক ডিপোজিট পেনশন স্কিম (Janata Bank Deposit Pension Scheme-JBDPS)”

২.০০: হিসাবের মেয়াদকাল: ৫ (পাঁচ) বছর ও ১০ (দশ) বছর।

৩.০০: মাসিক জমা টাকা/কিস্তির পরিমাণ: বাংলাদেশী টাকায় ৫০০/-, ১০০০/-, ২০০০/-, ৫০০০/-, ১০০০০/-, ১৫০০০/-, ২০০০০/-, ২৫০০০/-, ও ২৫০০০/- এর গুণিতক।

৪.০০: মুনাফার হার: বার্ষিক ১০.০০% (চক্রবৃদ্ধিহারে) ক্রমাগত মুনাফা আরোপ করা হবে। মেয়াদপূর্তিতে মুনাফা প্রদানকালে মুনাফার পরিমাণ কম/বেশি হলে তা সমন্বয় করতে হবে। সমন্বয় করার পর সরকারি চার্জ বিকলনপূর্বক অবশিষ্ট অর্থ গ্রাহককে প্রদান করতে হবে। এ বিষয়ে কোন ব্যত্যয় ঘটলে শাখা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মকর্তাগণ ও দায়িত্বপ্রাপ্ত ব্যবস্থাপক দায়ী থাকবে।

৫.০০: হিসাব খোলার পদ্ধতি এবং নিয়মাবলী:

৫.০১: হিসাব খোলার যোগ্যতা:

- (০১) আঠারো বছর বা তদুর্ধ্ব বয়স্ক সুস্থ মস্তিষ্ক সম্পন্ন বাংলাদেশী নাগরিক নিজ নামে হিসাব খুলতে পারবেন;
- (০২) নাবালক সন্তানের নামে পিতা/মাতা বা উভয়ই অথবা আইনানুগ অভিভাবকের পরিচালনায় নির্দিষ্ট নিয়ম পরিপালন করে হিসাব খোলা যাবে।
- (০৩) যৌথ ও প্রতিষ্ঠানের নামে এ প্রকল্পের আওতায় স্কিম হিসাব খোলা যাবে না।

৫.০২: হিসাব খোলার নিয়মাবলী: প্রতি মাসের যে কোনো তারিখে জনতা ব্যাংক পিএলসি. এর যেকোন শাখায় বর্ণিত স্কিমের আওতায় হিসাব খোলা যাবে এবং মাসের যেকোনো তারিখে সেই মাসের কিস্তি জমা করা যাবে। হিসাব খোলার ক্ষেত্রে নিম্নলিখিত নিয়মাচার পরিপালন করতে হবে:

- (০১) হিসাবধারীর জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট এবং নাবালকের নামে হিসাব খোলার ক্ষেত্রে জন্ম নিবন্ধন এর ফটোকপি;
- (০২) হিসাবধারীর সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি;
- (০৩) নমিনির ১ (এক) কপি ছবি (হিসাবধারী কর্তৃক সত্যায়িত) এবং জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট এর ফটোকপি। নমিনি নাবালক হলে জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি;

চলমান পাতা-২

বিষয়: “জনতা ব্যাংক ডিপোজিট পেনশন স্কিম (Janata Bank Deposit Pension Scheme-JBDPS)” চালুকরণ প্রসঙ্গে।**পূর্ববর্তি পৃষ্ঠার পর:**

- (০৪) সকল দলিলের ফটোকপি অত্র ব্যাংকের সিনিয়র অফিসার ও তদুর্ধ্ব কর্মকর্তা অথবা শাখা ব্যবস্থাপক কর্তৃক সত্যায়িত হতে হবে;
- (০৫) নাবালকের নামে এই প্রকল্পের আওতায় হিসাব খোলা হলে নাবালকের বয়স ১৮ বছর পূর্ণ হবার পূর্ব পর্যন্ত নাবালকের পক্ষে পিতা/মাতা অথবা আইনানুগ অভিভাবকের মাধ্যমে হিসাবটি পরিচালিত হবে। তবে, নাবালক প্রাপ্তবয়স্ক/সাবালক হলে অর্থাৎ ১৮ বছর পূর্ণ হলে পিতা/মাতা বা উভয়ই অথবা আইনানুগ অভিভাবকের লিখিত অনুমতিসহ নাবালকের নিজ নামে হিসাবটি ট্রান্সফার করা যাবে; পিতা/মাতা অথবা আইনানুগ অভিভাবকের লিখিত অনুমতি সাপেক্ষে হিসাবটি মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন বা মেয়াদপূর্তিতে প্রাপ্য টাকা নাবালকের নিজ নামীয় হিসাবে (চলতি/সঞ্চয়ী) জমা করা যাবে।
- (০৬) একই ব্যক্তির নামে এ স্কিম হিসাবের আওতায় একাধিক হিসাব খোলা যাবে।

৬.০০: নমিনি মনোনয়ন:

- (০১) হিসাবধারী তার হিসাবে নমিনি নিযুক্ত করবেন এবং যেকোন সময় লিখিত আবেদনের মাধ্যমে নমিনি পরিবর্তন করতে পারবেন;
- (০২) হিসাবধারীর মৃত্যুর পরই নমিনি হিসাবের অর্থ প্রাপ্য হবেন। এক্ষেত্রে সাকসেশন সার্টিফিকেট গ্রহণের প্রয়োজন হবে না। নমিনির বিষয়ে নিশ্চিত হয়ে শাখা পর্যায়েই নিষ্পত্তিযোগ্য হবে বা ব্যাংক কর্তৃক জারিকৃত এ সংক্রান্ত সমসাময়িক সার্কুলার অনুসরণযোগ্য;
- (০৩) নমিনিকে হিসাবের স্থিতি পরিশোধের জন্য নিম্নোক্ত কাগজপত্রাদি উপস্থাপন করতে হবেঃ
- (ক) নমিনি/আইনানুগ অভিভাবকের (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) আবেদনপত্র;
 - (খ) হিসাবধারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র;
 - (গ) নমিনি/আইনানুগ অভিভাবকের (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
 - (ঘ) নমিনি/আইনানুগ অভিভাবকের (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স (যদি থাকে) এর ফটোকপি;
 - (ঙ) নমিনি/আইনানুগ অভিভাবক (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) কর্তৃক ব্যাংকের অনুকূলে সম্পাদিত ইনডেমনিটি বন্ড;
 - (চ) নমিনির পরিচয় যাচাইয়ের জন্য ছবি ও স্বাক্ষর সত্যয়নপূর্বক স্থানীয় চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র;
 - (ছ) নাবালকের হিসাবে নমিনি হবে তার পিতা/মাতা। তবে পিতা/মাতা না থাকলে আইনানুগ অভিভাবককে নমিনি করা যাবে।

৭.০০: মাসিক কিস্তি জমাদান পদ্ধতি:

- (০১) প্রতি মাসের যেকোনো তারিখে সেই মাসের কিস্তি জমা করা যাবে;
- (০২) মাসিক কিস্তির টাকা নগদে জমা করতে হবে। তবে অন্যান্য পদ্ধতি যেমনঃ ই-জনতা অ্যাপ, অনলাইন ব্যাংকিং এর মাধ্যমেও কিস্তি জমা করা যাবে। এক্ষেত্রে কোনো ধরনের অনলাইন চার্জ কর্তন করা হবে না।;
- (০৩) হিসাবধারীর নামে একই শাখায় কোনো সঞ্চয়ী/চলতি হিসাব থাকলে সে হিসাব হতে মাসিক কিস্তি স্থানান্তরের ব্যাপারে হিসাবধারী শাখাকে স্থায়ী নির্দেশনা প্রদান করতে পারবেন (এক্ষেত্রে কোন ধরনের স্থানান্তর চার্জ কর্তন করা হবে না);
- (০৪) অগ্রীম কিস্তি জমা করা যাবে, তবে অগ্রীম জমার ক্ষেত্রে কোনো অতিরিক্ত মুনাফা প্রদান করা হবে না।

৮.০০: প্রতিশন সংরক্ষণ ও সুদ প্রদান পদ্ধতি: বার্ষিক চক্রবৃদ্ধিহারে বাৎসরিক ভিত্তিতে সুদ প্রদান করতে হবে। প্রত্যেক শাখায় মাসিক ভিত্তিতে যথাযথভাবে প্রদেয় সুদের প্রতিশন (Provision) সংরক্ষণ করতে হবে। এ বিষয়ে কোনো ব্যত্যয় ঘটলে শাখা প্রধান ও সংশ্লিষ্ট নির্বাহী/কর্মকর্তা/কর্মচারী দায়ী থাকবেন।**৯.০০: হিসাব বন্ধ হওয়া ও পুনঃচালুকরণ:** মাসিক কিস্তি নির্ধারিত তারিখের মধ্যে জমা প্রদানে ব্যর্থ হলে পরবর্তীতে প্রতি একশত টাকায় মাসিক ২(দুই) টাকা হারে জরিমানা মাসিক কিস্তির সাথে একীভূত করে জমা প্রদান করা যাবে, তবে একাধারে ৬ (ছয়) মাসের অধিক বকেয়া কিস্তি প্রদান করা যাবে না। ছয় মাস কিস্তি বকেয়া থাকার পরে অর্থাৎ সপ্তম মাসেও বকেয়াসহ কিস্তি পরিশোধ করতে ব্যর্থ হলে হিসাব বন্ধ করতে হবে এবং ১০.০০ অনুচ্ছেদে বর্ণিত নিয়মানুযায়ী হিসাব নগদায়ন করতে হবে। জরিমানাসহ কিস্তি প্রদানের এই সুবিধা দুইবারের বেশী প্রাপ্য হবেন না।

বিষয়: “জনতা ব্যাংক ডিপোজিট পেনশন স্কীম (Janata Bank Deposit Pension Scheme-JBDPS)” চালুকরণ প্রসঙ্গে।

পূর্ববর্তি পৃষ্ঠার পর:

১০.০০: মেয়াদ উত্তীর্ণের পূর্বে হিসাব বন্ধ করা হলে: গ্রাহক ইচ্ছা করলে যে কোন সময় সংশ্লিষ্ট শাখা প্রধানের বরাবরে লিখিত আবেদন করে স্থায়ী হিসাব বন্ধ করতে পারবেন। এক্ষেত্রে হিসাব বন্ধের বিপরীতে সরকারি Excise Duty আদায়যোগ্য হবে এবং নিম্নোক্ত নিয়মাবলী পরিপালনযোগ্য হবে:

- (০১) ০১ বছর উত্তীর্ণ হওয়ার পূর্বে হিসাব বন্ধ করা হলে আমানতকারীকে কোন মুনাফা প্রদান করা হবে না;
- (০২) ০১ বছরের বেশি কিন্তু ০২ বছরের কম হলে, হিসাব খোলার দিন হতে নগদায়নের দিন পর্যন্ত সময়ের মধ্যে ব্যাংকে বলবৎ ০৩ (তিন) মাস মেয়াদী স্থায়ী আমানতের ক্ষেত্রে নির্ধারিত সর্বনিম্ন রেট প্রাপ্য হবেন। তবে এক্ষেত্রে, মুনাফার হার ৮.৭৫% এর অধিক হবে না;
- (০৩) ০২ বছরের বেশি কিন্তু ০৩ বছরের কম হলে, হিসাব খোলার দিন হতে নগদায়নের দিন পর্যন্ত সময়ের মধ্যে ব্যাংকে বলবৎ ০৬ (ছয়) মাস মেয়াদী স্থায়ী আমানতের ক্ষেত্রে নির্ধারিত সর্বনিম্ন রেট প্রাপ্য হবেন। তবে এক্ষেত্রে, মুনাফার হার ৯.০০% এর অধিক হবে না;
- (০৪) ০৩ বছর বা তদুর্ধ্ব সময় অতিক্রান্ত হলে, হিসাব খোলার দিন হতে নগদায়নের দিন পর্যন্ত সময়ের মধ্যে ব্যাংকে বলবৎ ০১ (এক) বছর মেয়াদী স্থায়ী আমানতের ক্ষেত্রে নির্ধারিত সর্বনিম্ন রেট প্রাপ্য হবেন। তবে এক্ষেত্রে, মুনাফার হার ৯.২৫% এর অধিক হবে না।

১০.০১: মেয়াদ উত্তীর্ণের পূর্বে হিসাবধারীর মৃত্যু হলে: মেয়াদপূর্তির পূর্বে হিসাবধারীর মৃত্যু হলে স্কীম হিসাবটি বন্ধ হবে এবং ১০.০০ নং অনুচ্ছেদ অনুসরণপূর্বক ঋণ সমন্বয় করতে হবে (যদি উক্ত হিসাবের বিপরীতে কোন ঋণ থাকে) এবং অবশিষ্ট অর্থ নমিনিকে প্রদান করতে হবে।

১০.০২: হিসাবধারীর মৃত্যু হলে নমিনি কর্তৃক মেয়াদপূর্তি পর্যন্ত হিসাব পরিচালনা: হিসাবধারীর মৃত্যুর পরে নমিনি ইচ্ছা করলে মেয়াদপূর্তি পর্যন্ত হিসাবটি পরিচালনা করতে পারবেন। সেক্ষেত্রে নিম্নলিখিত শর্তাবলী প্রযোজ্য হবে:

- (০১) স্কীম হিসাবধারী ব্যক্তির স্বামী/স্ত্রী/সন্তান/পিতা/মাতা নমিনি হলেই কেবলমাত্র এ বিশেষ সুবিধা প্রাপ্য হবেন।
- (০২) হিসাবের বিপরীতে ঋণ প্রদান করা হলে এ সুবিধা প্রাপ্য হবেন না।

১১.০০: মেয়াদপূর্তিতে এককালীন পরিশোধ পদ্ধতি:

- (০১) মেয়াদপূর্তিতে হিসাবধারী সুদ-আসলসহ নিম্নের ছকে বর্ণিত হারে মেয়াদান্তে প্রদেয় কলামের উল্লিখিত পরিমাণ অর্থ এককালীন প্রাপ্য হবেনঃ

ক্রম	কিস্তির পরিমাণ	মেয়াদপূর্তিতে এককালীন প্রদেয়		মন্তব্য
		৫ (পাঁচ) বছর মেয়াদী	১০ (দশ) বছর মেয়াদী	
১	৫০০	৩৮,৬১৪	১,০০,৮০৪	উৎস কর, আবগারী শুল্কসহ অন্যান্য সরকারি চার্জ কর্তনযোগ্য
২	১,০০০	৭৭,২২৯	২,০১,৬০৮	
৩	২,০০০	১,৫৪,৪৫৯	৪,০৩,২১৬	
৪	৫,০০০	৩,৮৬,১৪৭	১০,০৮,০৪২	
৫	১০,০০০	৭,৭২,২৯৫	২০,১৬,০৮৪	
৬	১৫,০০০	১১,৫৮,৪৪২	৩০,২৪,১২৬	
৬	২০,০০০	১৫,৪৪,৫৯০	৪০,৩২,১৬৮	
৭	২৫,০০০	১৯,৩০,৭৩৭	৫০,৪০,২১০	
৮	মাসিক কিস্তির পরিমাণ ২৫,০০০/- টাকার গুণিতক (৫০,০০০/৭৫,০০০/১,০০,০০০ ইত্যাদি) হলে মেয়াদপূর্তিতে সেই গুণিতক অনুযায়ী এককালীন অর্থ প্রদেয় হবে।			

বিষয়: “জনতা ব্যাংক ডিপোজিট পেনশন স্কিম (Janata Bank Deposit Pension Scheme-JBDPS)” চালুকরণ প্রসঙ্গে।

পূর্ববর্তি পৃষ্ঠার পর:

- (২) আলোচ্য স্কিমের আওতায় খোলা হিসাবের মেয়াদপূর্তিতে গ্রাহকের একই শিরোনামে খোলা সঞ্চয়ী/চলতি হিসাবে মুনাফাসহ সমুদয় অর্থ প্রদান করা হবে অথবা পে-স্লিপের মাধ্যমেও পরিশোধ করা যাবে।

১২.০০: হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান:

হিসাবধারী ইচ্ছা করলে তদীয় হিসাবের স্থিতি লিয়েনপূর্বক নিম্নবর্ণিত শর্তে ঋণ গ্রহণ করতে পারবেন:

(১) সংশ্লিষ্ট হিসাবের মেয়াদকাল	:	কমপক্ষে ০১ (এক) বছর পূর্ণ হতে হবে।
(২) ঋণের প্রকৃতি	:	লোন জেনারেল/ সিকিউরড ওভার ড্রাফট (এসওডি)।
(২) ঋণ সীমা	:	হিসাবে নিজস্ব জমার সর্বোচ্চ ৮০%।
(৩) ঋণের সময়কাল	:	লোন জেনারেল ২ (দুই) বছর, সিকিউরড ওভার ড্রাফট (এসওডি) ১২ (বার) মাস। তবে লোন জেনারেল/ ওভার ড্রাফটের মেয়াদ কোনক্রমেই সংশ্লিষ্ট স্কিম হিসাবের মেয়াদপূর্তির পর নির্ধারণ করা যাবে না। অর্থাৎ সংশ্লিষ্ট স্কিম হিসাবের মেয়াদপূর্তির সাথে সামঞ্জস্য রেখে ঋণ হিসাবের মেয়াদ নির্ধারণ করতে হবে। ঋণ হিসাবের স্থিতি (সুদ+আসল) কোনক্রমেই স্কিম হিসাবের স্থিতি অতিক্রম করতে পারবে না। তবে সুদের টাকা পরিশোধ সাপেক্ষে ঋণ হিসাবটি নবায়ন করা যাবে।
(৫) ঋণ প্রাপ্তির যোগ্যতা	:	০১ (এক) বছর পূর্ণ হয়েছে কেবলমাত্র এ ধরনের হিসাবের বিপরীতে ঋণ মঞ্জুর করা যাবে।
(৬) মঞ্জুরীর ক্ষমতা	:	লোন (সাধারণ)/ওভার ড্রাফট এর নিয়মানুযায়ী।
(৭) মুনাফার হার	:	সংশ্লিষ্ট স্কিম হিসাবে প্রদত্ত সুদহার + ৩% (পরিবর্তনশীল)। অর্থাৎ ব্যাংক কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত সার্কুলার ও বিধি বিধান অনুসরণযোগ্য।
(৮) পরিশোধ পদ্ধতি	:	লোন জেনারেল এর ক্ষেত্রে : লোন জেনারেলের ক্ষেত্রে নির্ধারিত কিস্তির ভিত্তিতে আদায়যোগ্য। ওভার ড্রাফট এর ক্ষেত্রে : ওভার ড্রাফট এর ক্ষেত্রে ওভার ড্রাফট এর নিয়মাবলি প্রযোজ্য হবে।
(৯) পরিশোধ পদ্ধতি- ওভার ড্রাফট এর ক্ষেত্রে	:	ওভার ড্রাফট এর ক্ষেত্রে ওভার ড্রাফট এর নিয়মাবলী প্রযোজ্য হবে। তবে এই ধরনের ওভার ড্রাফট শ্রেণীকৃত হতে পারবে না। এ ধরনের সম্ভাবনা দেখা দিলে মেয়াদী হিসাবটি বন্ধ করে (১০.০০ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নিয়মানুযায়ী) ওভার ড্রাফট হিসাবটি সমন্বয় করতে হবে।
(১০) প্রয়োজনীয় কাগজপত্র	:	গ্রাহকের আবেদনপত্র, ক্ষমতা অর্পণপত্র ও প্রয়োজনীয় চার্জ ডকুমেন্টস।

১৩.০০: বিশেষ নির্দেশাবলী:

- হিসাবের মেয়াদ শেষ হওয়ার পূর্বে হিসাব বন্ধ হলে ১০.০০ নং অনুচ্ছেদ অনুসরণ করতে হবে।
- কোন হিসাবের বিপরীতে ঋণ প্রদান করা হলে এবং ঋণের অর্থ সম্পূর্ণভাবে পরিশোধের পূর্বে হিসাবধারীর মৃত্যু হলে আমানতের স্থিতি হতে ঋণের বকেয়া সমন্বয়ের পর অবশিষ্ট স্থিতি নমিনিকে প্রদেয় হবে।
- সরকারি আদেশ/নির্দেশের প্রেক্ষিতে কর/অন্যান্য পাওনা আদায়যোগ্য হবে।
- এ হিসাব হতে কোনো একাউন্ট মেইনটেইনেন্স চার্জ, এসএমএস চার্জ বা অন্যান্য ব্যাংকিং চার্জ কর্তন করা হবে না।
- অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর যদি হিসাব খোলা, হিসাবে সুদারোপ, হিসাব বন্ধকরণ এবং এছাড়াও বিজ্ঞপ্তির অন্য যেকোন সমস্যা বা জটিলতার উদ্ভব হয় সেক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- যে মাসে হিসাব খোলা হবে, মেয়াদপূর্তির বছরে সেই মাসের শেষ কর্মদিবসে হিসাবের মেয়াদপূর্তি হবে। অর্থাৎ ০৫ বছর মেয়াদে ২০২৫ সালের জানুয়ারি মাসে খোলা হিসাব ২০৩০ সালের জানুয়ারি মাসের শেষ কর্মদিবসে মেয়াদপূর্তি হবে। এর পরবর্তি কর্মদিবসে হিসাব নগদায়ন করা যাবে।

বিষয়: “জনতা ব্যাংক ডিপোজিট পেনশন স্কিম (Janata Bank Deposit Pension Scheme-JBDPS)” চালুকরণ প্রসঙ্গে।

পূর্ববর্তি পৃষ্ঠার পর:

১৪.০০: হিসাব খোলা ও পরিচালনার জন্য ফরম ও অন্যান্য কাগজপত্রের ব্যবহার:

- (১) আলোচ্য “জনতা ব্যাংক ডিপোজিট পেনশন স্কিম (Janata Bank Deposit Pension Scheme-JBDPS)” স্কিমের হিসাব খোলার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশিত (এফ.ডি.আর. ও বিশেষ স্কিম) হিসাব খোলার ফরম ব্যবহৃত হবে অথবা বাংলাদেশ ব্যাংক বা অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত সমসাময়িক বিধিমালা/ সার্কুলার অনুসৃত হবে;
- (২) হিসাব খোলা ও পরিচালনার নিয়মাবলি/নীতিমালা (“পরিশিষ্ট-ক” মোতাবেক) সরবরাহ করতে হবে যা হিসাবধারী পাঠ করে সম্মতি প্রদানপূর্বক স্বাক্ষর করবেন। উল্লেখ্য হিসাবধারী কর্তৃক স্বাক্ষরিত কপি শাখায় Account Opening Application Form এর সাথে সংরক্ষণ করতে হবে এবং এক কপি হিসাবধারীকে প্রদান করতে হবে।
- (৩) জেনারেল লেজারের ডিপোজিট স্কিমের অধীন “জনতা ব্যাংক ডিপোজিট পেনশন স্কিম (Janata Bank Deposit Pension Scheme-JBDPS)” এর নামে একটি, সুদ ব্যয়ের অধীন Interest on Janata Bank Deposit Pension Scheme-JBDPS এবং অন্যান্য দায়ের অধীন Interest Payable on Janata Bank Deposit Pension Scheme-JBDPS নামীয় অপর একটি হিসাবসহ মোট ৩টি হিসাব খুলতে হবে (সংশ্লিষ্ট বিষয়টি এ্যাকাউন্টস ডিপার্টমেন্ট ও Online Banking Department কর্তৃক সম্পন্ন করতে হবে);
- (৪) অন্যান্য সুদবাহী মেয়াদী হিসাবের ন্যায় এই ক্ষেত্রে মাসিক ও বার্ষিক ভিত্তিতে প্রভিশন করে শাখায় সুদ হিসাব বিকলনপূর্বক, Interest on Janata Bank Deposit Pension Scheme-JBDPS সুদ হিসাবে ক্রেডিট করতে হবে;
- (৫) হিসাব বন্ধের ক্ষেত্রে হিসাবে প্রদত্ত অতিরিক্ত মুনাফার টাকা সংশ্লিষ্ট খাতের সাথে সমন্বয় করতে হবে;
- (৬) এ হিসাবের বিপরীতে কোন চেকবই প্রদান করা হবে না;
- (৭) হিসাব খোলার ফরমে হিসাব খোলার তারিখ, মেয়াদকালসহ অন্যান্য বিষয়ে কোনরূপ কাটাকাটি/ঘষা-মাজা/উপরিলিখন/পরিবর্ধন কিংবা পরিমার্জন কোনভাবেই গ্রহণযোগ্য নয়। এ কারণে কোন সমস্যার সন্মুখীন হলে শাখা প্রধান এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর ওপর দায়ভার বর্তাবে;
- (৮) হিসাব খোলার ফরম এ গ্রাহকের পরিবারের এক বা একাধিক সদস্য/আপনজনের স্থায়ী/বর্তমান পূর্ণ ঠিকানা, যোগাযোগের জন্য মোবাইল নম্বর নিশ্চিত হয়ে সংরক্ষণ করতে হবে;
- (৯) বাংলাদেশ সরকার কর্তৃক বর্তমান উৎসে কর, আবগারি শুল্কসহ অন্যান্য আদায়যোগ্য সরকারি পাওনা কর্তন করা হবে এবং এর ধাপ/হার পরিবর্তন হলে পরিবর্তিত ধাপ/হার অনুযায়ী তা আদায়যোগ্য হবে;
- (১০) আলোচ্য স্কিম এর সার্কুলারের প্রাসঙ্গিক সকল বিষয়ে বাংলাদেশ সরকার, বাংলাদেশ ব্যাংক এবং অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত সমসাময়িক সার্কুলার/ বিধিমালা/প্রণীত নীতিমালা অনুসৃত হবে;

১৫.০০: হিসাবের প্রতিবেদন:

এই হিসাবের বিপরীতে হিসাব খোলার বিবরণী সংগ্রহ করার জন্য এ ব্যাংকের আইটি বিভাগ কর্তৃক রিপোর্টিং সিস্টেম প্রস্তুত করা হবে। স্ব স্ব নিয়ন্ত্রণকারী অফিস/কার্যালয় যথাযথভাবে এ সংক্রান্ত ডাটা এন্ট্রি করবে। কর্তৃপক্ষ চাহিদা মোতাবেক রিপোর্টিং সিস্টেম হতে এবিষয়ক বিবরণী সংগ্রহ করবে।

সম্মানিত পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত “জনতা ব্যাংক ডিপোজিট পেনশন স্কিম (Janata Bank Deposit Pension Scheme JBDPS)” শীর্ষক প্রকল্পের আওতায় হিসাব খোলার কার্যক্রম আগামী ০২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ হতে শুরু করা হবে এবং কর্তৃপক্ষ কর্তৃক পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত চালু থাকবে।

চলমান পাতা-৬

★

Rh

✍

✓

বিষয়: “জনতা ব্যাংক ডিপোজিট পেনশন স্কিম (Janata Bank Deposit Pension Scheme-JBDPS)” চালুকরণ প্রসঙ্গে।

পূর্ববর্তি গুষ্ঠান পর:

এমতাবস্থায়, “জনতা ব্যাংক ডিপোজিট পেনশন স্কিম (Janata Bank Deposit Pension Scheme JBDPS)” হিসাবটির উপরিউক্ত নীতিমালার আলোকে মাঠ পর্যায়ে প্রচার প্রচারণা কার্যক্রম পরিচালনা এবং অধিক সংখ্যক হিসাব খোলার মাধ্যমে আমানত বৃদ্ধি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল পর্যায়ের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারিবৃন্দকে পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

মোঃ আবদুল সোবহান মিয়া
উপমহাব্যবস্থাপক

আরিফ আহমেদ
মহাব্যবস্থাপক
২৬/১১/২০২৩

অনুলিপিঃ-

- ১। কোম্পানী সেক্রেটারী, বোর্ড সেক্রেটারিয়েট, জনতা ব্যাংক পিএলসি., প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। পি এস টু ব্যবস্থাপনা পরিচালক /উপ-ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক পিএলসি., প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। পি এ টু সকল মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক পিএলসি., প্রধান কার্যালয়/স্থানীয় কার্যালয়/জনতা ভবন কর্পোঃ শাখা এবং বিভাগীয় কার্যালয়, ঢাকা- উত্তর, ঢাকা-দক্ষিণ, কুমিল্লা, নোয়াখালী, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, সিলেট, রংপুর, ফরিদপুর, ময়মনসিংহ ও বরিশাল।
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক পিএলসি., প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। চীফ এক্সিকিউটিভ, জনতা ব্যাংক পিএলসি., সংযুক্ত আরব আমিরাতে।
- ৬। নথি।

বিষয়: “জনতা ব্যাংক ডিপোজিট পেনশন স্কিম (Janata Bank Deposit Pension Scheme-JBDPS)” চালুকরণ প্রসঙ্গে।

১.০ হিসাব খোলা:

- সঠিকভাবে KYC ও TP পূরণ করে স্কিম হিসাবটি খুলতে হবে।
- এ হিসাবের বিপরীতে কোনো চেকবই প্রদান করা হবে না।

২.০ এ হিসাবের বিশেষ সুবিধা:

- স্থায়ী আমানত হতে অধিক মুনাফা অর্জনের সুযোগ;
- মাসের যেকোন তারিখ (কর্মদিবসে) এ স্কিমের আওতায় হিসাব খোলা যাবে;
- জমাকৃত আমানতের বিপরীতে ঋণ সুবিধা গ্রহণের সুযোগ;
- একই ব্যক্তির নামে এ স্কিম হিসাবের আওতায় একাধিক হিসাব খোলার সুযোগ;
- হিসাবধারীর মৃত্যুর পরেও নমিনি চাইলে মেয়াদপূর্তি পর্যন্ত হিসাব চালু রাখার সুযোগ।

৩.০ মুনাফার হার: বার্ষিক ১০.০০% (চক্রবৃদ্ধিহারে)

৪.০ হিসাবের মেয়াদকাল: ০৫ বছর ও ১০ বছর

৫.০ হিসাবের মেয়াদপূর্তিতে পরিশোধ পদ্ধতি:

আলোচ্য স্কিমের আওতায় খোলা হিসাবের মেয়াদপূর্তিতে গ্রাহকের একই শিরোনামে খোলা সঞ্চয়ী/চলতি হিসাবে মুনাফাসহ সমুদয় অর্থ প্রদান করা হবে অথবা পে-স্লিপের মাধ্যমেও অর্থ প্রদান করা যাবে।

৬.০: মেয়াদ উত্তীর্ণের পূর্বে হিসাব বন্ধ করা হলে: গ্রাহক ইচ্ছা করলে যে কোন সময় সংশ্লিষ্ট শাখা প্রধানের বরাবরে লিখিত আবেদন করে স্থায়ী হিসাব বন্ধ করতে পারবেন। এক্ষেত্রে হিসাব বন্ধের বিপরীতে সরকারি Excise Duty আদায়যোগ্য হবে এবং নিম্নোক্ত নিয়মাবলী পরিপালনযোগ্য হবে:

- (০১) ০১ বছর উত্তীর্ণ হওয়ার পূর্বে হিসাব বন্ধ করা হলে আমানতকারীকে কোন মুনাফা প্রদান করা হবে না;
- (০২) ০১ বছরের বেশি কিন্তু ০২ বছরের কম হলে, হিসাব খোলার দিন হতে নগদায়নের দিন পর্যন্ত সময়ের মধ্যে ব্যাংকে বলবৎ ০৩ (তিন) মাস মেয়াদী স্থায়ী আমানতের ক্ষেত্রে নির্ধারিত সর্বনিম্ন রেট প্রাপ্য হবেন। তবে এক্ষেত্রে, মুনাফার হার ৮.৭৫% এর অধিক হবে না;
- (০৩) ০২ বছরের বেশি কিন্তু ০৩ বছরের কম হলে, হিসাব খোলার দিন হতে নগদায়নের দিন পর্যন্ত সময়ের মধ্যে ব্যাংকে বলবৎ ০৬ (ছয়) মাস মেয়াদী স্থায়ী আমানতের ক্ষেত্রে নির্ধারিত সর্বনিম্ন রেট প্রাপ্য হবেন। তবে এক্ষেত্রে, মুনাফার হার ৯.০০% এর অধিক হবে না;
- (০৪) ০৩ বছর বা তদুর্ধ্ব সময় অতিক্রান্ত হলে, হিসাব খোলার দিন হতে নগদায়নের দিন পর্যন্ত সময়ের মধ্যে ব্যাংকে বলবৎ ০১ (এক) বছর মেয়াদী স্থায়ী আমানতের ক্ষেত্রে নির্ধারিত সর্বনিম্ন রেট প্রাপ্য হবেন। তবে এক্ষেত্রে, মুনাফার হার ৯.২৫% এর অধিক হবে না।

৭.০: মেয়াদ উত্তীর্ণের আগে হিসাবধারীর মৃত্যু হলে: হিসাবধারীর মৃত্যু হলে নমিনি কর্তৃক শাখাকে বিষয়টি যথাশীঘ্র অবহিত করতে হবে। এক্ষেত্রে স্কিম হিসাবটি বন্ধ হবে এবং ৬.০ নং অনুচ্ছেদ অনুসরণপূর্বক ঋণ সমন্বয় করতে হবে (যদি উক্ত হিসাবের বিপরীতে কোন ঋণ থাকে) এবং অবশিষ্ট অর্থ নমিনিকে প্রদান করতে হবে।

৭.১: হিসাবধারীর মৃত্যু হলে নমিনি কর্তৃক মেয়াদপূর্তি পর্যন্ত হিসাব পরিচালনা: হিসাবধারীর মৃত্যুর পরে নমিনি ইচ্ছা করলে মেয়াদপূর্তি পর্যন্ত হিসাবটি পরিচালনা করতে পারবেন। সেক্ষেত্রে নিম্নলিখিত শর্তাবলী প্রযোজ্য হবে:

- স্কিম হিসাবধারী ব্যক্তির স্বামী/স্ত্রী/সন্তান/পিতা/মাতা নমিনি হলেই কেবলমাত্র এ বিশেষ সুবিধা প্রাপ্য হবেন।
- হিসাবের বিপরীতে ঋণ প্রদান করা হলে এ সুবিধা প্রাপ্য হবেন না।

৭.২: নমিনিকে হিসাব হতে পাওনা পরিশোধের ক্ষেত্রে নিম্নোক্ত তথ্য/দলিলাদি উপস্থাপন করতে হবে:

- নমিনি/আইনানুগ অভিভাবকের (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) আবেদনপত্র;
- উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত হিসাবধারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র অথবা মৃত্যু নিবন্ধনের প্রমাণক;
- নমিনি/আইনানুগ অভিভাবকের (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
- নমিনি/আইনানুগ অভিভাবকের (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট এর সত্যায়িত ফটোকপি;
- ভবিষ্যতে কোনো জটিলতা বা সমস্যার উদ্ভব হলে তা সমাধানের জন্য নমিনি/আইনানুগ অভিভাবক (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) কর্তৃক ব্যাংকের অনুকূলে ইনডেমনিটি বন্ড সম্পাদন;

বিষয়: “জনতা ব্যাংক ডিপোজিট পেনশন স্কিম (Janata Bank Deposit Pension Scheme-JBDPS)” চালুকরণ প্রসঙ্গে।

পূর্ববর্তি পৃষ্ঠার পর:

- নমিনির পরিচয় যাচাইয়ের জন্য ছবি ও স্বাক্ষর সত্যায়নপূর্বক স্থানীয় চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

৮.০: বিশেষ শর্তাদি:

- হিসাবের মেয়াদ কোনোভাবেই পরিবর্তন করা যাবে না, তবে মেয়াদ উত্তীর্ণের পূর্বে হিসাব বন্ধ করতে হলে ৬.০ নং ক্রমিকে উল্লিখিত নিয়মাবলী প্রযোজ্য হবে;
- বাংলাদেশ সরকার কর্তৃক বর্তমান উৎস কর, আবগারি শুল্কসহ অন্যান্য আদায়যোগ্য সরকারি পাওনা কর্তন করা হবে এবং এ ধাপ/হার পরিবর্তন হলে পরিবর্তিত ধাপ/হার অনুযায়ী তা আদায়যোগ্য হবে;
- স্কিম এর সার্কুলারের প্রাসঙ্গিক সকল বিষয়ে বাংলাদেশ সরকার, বাংলাদেশ ব্যাংক ও এ ব্যাংক কর্তৃক জারিকৃত সমসাময়িক সার্কুলার/বিধিমালা/প্রণীত নীতিমালা অনুসৃত হবে;
- যদি হিসাব খোলা, হিসাবে সুদারোপ, হিসাব বন্ধকরণ এবং বিজ্ঞপ্তির অন্য যেকোন সমস্যা বা জটিলতার উদ্ভব হয় সেক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

“জনতা ব্যাংক ডিপোজিট পেনশন স্কিম (Janata Bank Deposit Pension Scheme-JBDPS)” এ বর্ণিত সকল শর্তাধীনে আমি নিম্নস্বাক্ষরকারী অত্র শাখায় হিসাব খুললাম।

স্বাক্ষর ও তারিখ:

হিসাবধারীর নাম:

জনতা ব্যাংক ডিপোজিট পেনশন স্কিম (Janata Bank Deposit Pension Scheme-JBDPS) হিসাব নং:

শাখার নাম:

(হিসাবধারী নাবালক হলে পিতা/মাতা/অভিভাবকের স্বাক্ষর গ্রহণ করতে হবে। হিসাবধারী কর্তৃক স্বাক্ষরিত কপি শাখায় Account Opening Application Form এর সাথে সংরক্ষণ করতে হবে এবং এক কপি হিসাবধারীকে প্রদান করতে।

   